গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৬৮ তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৮
১৯ নভেম্বর ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ (১৯ নভেম্বর, ২০২১) সকাল ০৬ টায় পুদুচেরি ও চেন্নাই এর মধ্য দিয়ে (১২.৪৫° উত্তর অক্ষাংশ এবং ৮০.১° পূর্ব দ্রাঘিমাংশ) উত্তর তামিলনাড়ু ও তৎসংলগ্ন দক্ষিণ অন্ধ্র-প্রদেশ অতিক্রম করেছে। এটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল ও গুরুত্বহীন হয়ে যেতে পারে।

গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে আজ সন্ধ্যা (১৬ নভেম্বর, ২০২১) পর্যন্ত সাবধানে চলাচল করতে বলা হয়েছে।
এই সিরিজে আর কোন আবহাওয়ার সতর্কবার্তা প্রচারিত হবে না।

**২। আজ ১৯ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

**৩। ১৯ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি ঘনীভূত হয়ে বর্তমানে দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগরের তামিলনাড়ু উপকূল ও তৎসংলগ্ন এলাকায় নিম্নচাপ হিসাবে অবস্থান করছে। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।**

**পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**

**৪৮ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন): রাতের তাপমাত্রা ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে পারে।**

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: এই সময়ের শেষের দিকে রাতের তাপমাত্রা হ্রাস পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.২ | ৩০.৬ | ৩২.৮ | ৩১.২ | ৩১.৫ | ৩০.৮ | ৩০.৭ | ৩১.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৫.২ | ১৬.৪ | ১৬.৬ | ১৪.৫ | ১৫.৫ | ১৩.২ | ১৬.২ | ১৫.৭ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ৩২.৮$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৩.২$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## ৪। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৭ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৮ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | রাজশাহী | ৩ | ১ | ০ |
| ৪। | চট্রগ্রাম | ৫ | ০ | ০ |
| ৫। | খুলনা | ২ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৪ | ০ | ০ |
| | | | | |
| | **মোট** | **২৩** | **১** | **০** |

## ৪(ক)। উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)

**বগুড়াঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে পাওয়া তথ্য হতে জানা যায় যে, গত (১৭.১১.২০২১খ্রি) তারিখে মোকানতলা বাজার, শীবগঞ্জ, বগুড়া এলাকায় ৬ টি দোকানে রাত ০১:২২ ঘটিকায় অগ্নিকান্ডের সূত্রপাত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১০ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছায় এবং রাত ০১:৪৬ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডে মোঃ মনিরুল (২৩) নামের একজন ফায়ারকর্মী আহত হয়। বিস্তারিত তথ্য তদন্ত সাপেক্ষে জানা যাবে।

## ৫(ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৩৩ নং স্মারকের মাধ্যমে দেশের চলমান শীত মোকাবিলায় দেশের ১২টি সিটি কর্পোরেশনের দুঃস্থ পরিবারের মধ্যে কম্বল/ শীতবস্ত্র ক্রয়পূর্বক বিতরণের জন্য সর্বমোট ১,৪৫,০০,০০০/- (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ) টাকা প্রধান নির্বাহী কর্মকর্তাগণের অনুকূলে বরাদ্দের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪২৯ নং স্মারকের মাধ্যমে দেশের চলমান শীত মোকাবিলায় ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার দুঃস্থ পরিবারের মধ্যে কম্বল/ শীতবস্ত্র ক্রয়পূর্বক বিতরণের জন্য সর্বমোট ৪০,০০,০০,০০০/- (চল্লিশ কোটি) টাকা মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৩০ নং স্মারকের মাধ্যমে দেশের চলমান শীত মোকাবিলায় ৬৪টি জেলার ৩২৭টি পৌরসভার দুঃস্থ পরিবারের মধ্যে কম্বল/ শীতবস্ত্র ক্রয়পূর্বক বিতরণের জন্য সর্বমোট ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৩১ নং স্মারকের মাধ্যমে দেশের চলমান শীত মোকাবিলায় ৬৪টি জেলার প্রতিটিতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা হারে সর্বমোট ১,৯২,০০,০০০/- (এক কোটি বিরানব্বই লক্ষ) টাকা দুঃস্থ পরিবারের মধ্যে কম্বল/ শীতবস্ত্র ক্রয়পূর্বক বিতরণের জন্য জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ

প্রদান করা হয়েছে।

## ৫ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১৯/১১/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | **৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ** | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** | - | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** |
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ৮৬,৭৪,৮৯,০০০/- (ছিয়াশি কোটি চুয়াত্তর লক্ষ উননব্বই হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১০৯৭,৮৮,২১,৫১১/- (এক হাজার সাতানব্বই কোটি আটাশি লক্ষ একুশ হাজার পাঁচশত এগারো) টাকা |
| ৩ | চাল | ১,৬৩,৪১৮.৫১ (এক লক্ষ তেষট্টি হাজার চারশত আঠার দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৬,০৭,৯৬০.৫১ (ছয় লক্ষ সাত হাজার নয়শত ষাট দশমিক পাঁচ এক) মে. টন |
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)] | ৩৪,২৫১ (চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৭,২১,৯৫১ (সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | ঢেউটিন | ২,১০৪ বান্ডিল | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল | ৩৩,৯০৪ (তেত্রিশ হাজার নয়শত চার) বান্ডিল |
| ৬ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৬৩,১২,০০০/- টাকা | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা | ১০,১৭,১২,০০০/- (দশ কোটি সতের লক্ষ বার হাজার) টাকা |
| ৭। | সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী | ৭০০ কার্টুন | - | ৭০০ কার্টুন |

**৫ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (১৮/১১/২০২১ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | সকল জেলা (পৌরসভাসহ) | সকল সিটি করপোরেশন | সর্বমোট |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ৩,২৩,৪৬৩ টি | ১২,৩০৪ টি | **৩,৩৫,৭৬৭ টি** |
| উপকারভোগী লোক সংখ্যা | ১৬,০৯,৮৯৫ জন | ৫৯,৮৯৭ জন | **১৬,৬৯,৭৯২ জন** |

**৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

১৯-১১-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৬৮/১(১৭১)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৮ / ১৯ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৯-১১-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা